

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫২৫
আগরতলা, ১১ জানুয়ারী, ২০১৮।

সেন্টপল স্কুলের ৭৫ বর্ষ উদযাপন অনুষ্ঠানে রাজ্যপাল

আজ বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে অরুন্ধতীনগরস্থিত সেন্টপল স্কুলের ৭৫ বর্ষ উদযাপন অনুষ্ঠান আয়োজিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে রাজ্যপাল তথাগত রায় বলেন, আমি প্রতিষ্ঠানটির ৭৫ বর্ষ উদযাপন অনুষ্ঠানে উপস্থিত হতে পেরে আপ্লুত। তিনি এ স্কুলের উত্তরোত্তর সাফল্য ও শ্রীবৃদ্ধি কামনা করেন। পরে তিনি বিদ্যালয়ের একটি মনুমেন্টেরও আনুষ্ঠানিক উদঘাটন করেন।
